৪৬.০৫.০০০০.৪১২.৯০.০৪১.২৩-১-২০২৩০৮০৬_১০২৬৫০

ঢাকা ওয়াসা

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
মডস জোন-৭

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪১২.৯০.০৪১.২৩   নথির বিষয়: মড্স জোন-৭ এর আওতাধীন উত্তর রায়েরবাগ ও গোবিন্দপুর এলাকার স্লুইস ভাল্ব মেরামতের মাধ্যমে সচল করণ এবং নামা শ্যামপুর এলাকার ময়লা পানি দূরিকরণ কাজ।

নোট: ১   নোটের বিষয়: **মড্স জোন-৭ এর আওতাধীন উত্তর রায়েরবাগ ও গোবিন্দপুর এলাকার স্লুইস ভাল্ব মেরামতের মাধ্যমে সচল করণ এবং নামা শ্যামপুর এলাকার ময়লা পানি দূরিকরণ কাজ ।**

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ১/৮/২৩ ৪:৩৫ অপরাহ্ন

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মড্স জোন-৭ এর আওতাধীন উত্তর রায়েরবাগ ও গোবিন্দপুর এলাকার পানি সরবরাহ লাইনে বিদ্যমান স্লুইস ভালভ গুলো দীর্ঘ দিন ব্যবহার জনিত কারণে মরিচা পড়ে অকেজো হয়ে পড়েছে। যার কারণে উক্ত স্লুইস ভালব গুলো প্রয়োজন অনুযায়ী পরিচালনা করা সম্ভবপর হচ্ছে না। উল্লেখিত এলাকার পানির পাম্পের উৎপাদন হ্রাস পাওয়ার দরুন্ন সমস্ত এলাকায় একযোগে সার্বক্ষনিক পানি সরবরাহ করা সম্ভব নয়। স্লুইস ভালব প্রয়োজন অনুযায়ী পরিচালনা করে রেশনিং এর মাধ্যমে উল্লেখিত এলাকার সকল গ্রাহককে পানি সরবরাহ নিশ্চিত করণের জন্য উল্লেখিত উত্তর রায়েরবাগ ও গোবিন্দপুর বিদ্যমান অকেজো স্লুইস ভালভ গুলো জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন। এতদ্ব্যতীত, সম্মানিত গ্রাহক অত্র জোনের আওতাধীন নামা শ্যামপুর এলাকায় ওয়াসার লাইনের পানিতে ময়লা পাচ্ছেন মর্মে অভিযোগ করেণ (অভিযোগের টিকেট নং-230713085730743)। প্রায়শঃ উল্লেখিত এলাকার গ্রাহকগ'ণ মোবাইল মারফত ময়লা পানি প্রাপ্তির অভিযোগ করেণ। উক্ত অভিযোগের প্রেক্ষিতে সাইট পরিদর্শন কালে দেখা যায় বর্ণিত এলাকার বিদ্যমান ২০০ মিঃ মিঃ ব্যাসের পানির লাইনে লিকেজ হয়ে পানি বের হচ্ছে এবং উক্ত স্থান হতেই ময়লা পানিতে মিশ্রিত হয়ে গ্রাহক লাইনে যাচ্ছে। লিকেজ জনিত কারণে ময়লা পানির বিস্তার ঘটার ফলে, পানির লাইনে পানির প্রেসার কমে গেলে ময়লার সমস্যা তীব্রতর হয়। ময়লা ও দূষিত পানি নিরসনের মাধ্যমে উল্লেখিত এলাকার জনদুর্ভোগ কমানো এবং পানির অপচয় রোধ কল্পে লিকেজটি জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ১/৮/২৩ ৫:১১ অপরাহ্ন

উল্লেখিত কাজগুলো বাস্তবায়নের লক্ষ্যে, ঢাকা ওয়াসার অনুমোদিত দর অনুযায়ী একটি প্রাক্কলন প্রস্তুত করা হ'ল। আলোচিত কাজের স্বার্থে বিভাগীয় সাব-স্টোর হতে শুধু মাত্র পিভিসি পাইপ সরবরাহ করা হবে। প্রস্তুতকৃত প্রাক্কলনে সর্বমোট ব্যয়ভার দাঁড়িয়েছে ৪৭,৫৪৭.০০/-(সাতচল্লিশ হাজার পাঁচশত সাতচল্লিশ) টাকা মাত্র। উক্ত ব্যয়ভার ২০২৩-২০২৪ইং অর্থ বছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার Package No: 13.53 হতে নির্বাহ করা হবে। পি.পি.আর-২০০৮ এর ধারা ৭৬/১(ট) অনুযায়ী ডি.পি.এম পদ্ধতিতে ঠিকাদারী প্রতিষ্ঠান "মেসার্স এ. আলম এন্টারপ্রাইজ" এর সাথে সরাসরি চুক্তি সম্পাদনের মাধ্যমে কাজটি বাস্তবায়ন করা যেতে পারে।

সংযুক্তিসমূহ (৬):

১। প্রস্তাবিত কাজের প্রাক্কলন।.
২। প্রস্তাবিত কাজের ক্যালকুলেশন সীট।.
৩। প্রস্তাবিত কাজের প্রতিবেদন।.
৪। গ্রাহক কর্তৃক উপস্থাপিত অভিযোগের কপি।.
৫। পূর্বানুমোদিত দরের কপি।.
৬। অনুমোদিত ২০২৩-২৪ইং অর্থ বছরের কর্ম-পরিকল্পনার কপি।.

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ১/৮/২৩ ৫:১৬ অপরাহ্ন

এমতাবস্থায়, "মড্স জোন-৭ এর আওতাধীন উত্তর রায়েরবাগ ও গোবিন্দপুর এলাকার স্লুইস ভাল্ব মেরামতের মাধ্যমে সচল করণ এবং নামা শ্যামপুর এলাকার ময়লা পানি দূরিকরণ কাজ" সংক্রান্ত অতি জরুরী কাজটি দ্রুত বাস্তবায়ন করার লক্ষ্যে, প্রস্তাবিত ব্যয়ভার ৪৭,৫৪৭.০০/-(সাতচল্লিশ হাজার পাঁচশত সাতচল্লিশ) টাকা মাত্র এর সদয় অনুমোদন দেয়া যেতে পারে এবং পি.পি.আর-২০০৮ এর ধারা ৭৬/১(ট) অনুযায়ী ডি.পি.এম পদ্ধতিতে ঠিকাদারী প্রতিষ্ঠান "মেসার্স এ. আলম এন্টারপ্রাইজ " এর সাথে সরাসরি চুক্তি সম্পাদনের মাধ্যমে সম্পন্ন করার অনুমতি প্রদান করা যেতে পারে। আলোচ্য ব্যয়ভার অনুমোদনের আর্থিক ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো।

১/৮/২৩ ৫:১৮ অপরাহ্ন মনোজ ডাকুয়া উপ-সহকারী প্রকৌশলী মডস জোন-৭	১/৮/২৩ ৬:৫৩ অপরাহ্ন মোঃ আশরাফ উদ্দিন সহকারী প্রকৌশলী মডস জোন-৭	২/৮/২৩ ১:১৬ অপরাহ্ন মোঃ শাহ আলম নির্বাহী প্রকৌশলী মডস জোন-৭	~~২/৮/২৩ ১:১৬ অপরাহ্ন~~ ~~মোঃ কামরুল হাসান~~ ~~প্রধান প্রকৌশলী~~ ~~প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)~~

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ৫/৮/২৩ ২:৪১ অপরাহ্ন

অনুমোদিত

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

৫/৮/২৩ ২:৪১ অপরাহ্ণ মোঃ কামরুল হাসান প্রধান প্রকৌশলী প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)	~~৫/৮/২৩ ২:৪১ অপরাহ্ণ~~ ~~মোঃ শাহ আলম~~ ~~নির্বাহী প্রকৌশলী~~ ~~মডস জোন-৭~~

অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ৫/৮/২৩ ১০:৩৭ অপরাহ্ণ

Please take necessary steps/actions according to the approval of paragraph 1.3

৫/৮/২৩ ১০:৩৭ অপরাহ্ণ মোঃ শাহ আলম নির্বাহী প্রকৌশলী মডস জোন-৭	৫/৮/২৩ ১০:৩৭ অপরাহ্ণ মনোজ ডাকুয়া উপ-সহকারী প্রকৌশলী মডস জোন-৭

১.৫। অনুচ্ছেদ নং- ১.৩ ও ১.৪ অনুগ্রহ পূর্বক দেখা যেতে পারে। "মড্স জোন-৭ এর আওতাধীন উত্তর রায়েরবাগ ও গোবিন্দপুর এলাকার স্লুইস ভাল্ব মেরামতের মাধ্যমে সচল করণ এবং নামা শ্যামপুর এলাকার ময়লা পানি দূরিকরণ কাজ" সংক্রান্ত কাজের প্রাক্কলনটি প্রধান প্রকৌশলী মহোদয় কর্তৃক অনুমোদিত হয়েছে। আলোচ্য কাজটি বাস্তবায়নের লক্ষে ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স এ. আলম এন্টারপ্রাইজ এর সাথে চুক্তি করার লক্ষ্যে চুক্তিপত্র প্রস্তুত করতঃ সদয় স্বাক্ষরের জন্য পেশ করা হ'ল।

06.08.23 A.E E/E 06/08/23

মনোজ ডাকুয়া
উপ-সহকারী প্রকৌশলী
মড্স জোন-৭, ঢাকা ওয়াসা।

মোঃ শাহ্ আলম
নির্বাহী প্রকৌশলী
মডস্ জোন-৭
ঢাকা ওয়াসা।

AE/SAE(M)

১.৬। অনুচ্ছেদ নং-১.৫ অনুগ্রহ পূর্বক দেখা যেতে পারে। "মড্স জোন-৭ এর আওতাধীন উত্তর রায়েরবাগ ও গোবিন্দপুর এলাকার স্লুইস ভাল্ব মেরামতের মাধ্যমে সচল করণ এবং নামা শ্যামপুর এলাকার ময়লা পানি দূরিকরণ কাজ" সংক্রান্ত কাজটি চুক্তিপত্র অনুযায়ী বিভাগীয় প্রকৌশলীদের নির্দেশমতে সুষ্ঠুভাবে সম্পাদন করার লক্ষ্যে ঠিকাদার মেসার্স এ. আলম এন্টারপ্রাইজ এর অনুকূলে কার্যাদেশ প্রস্তুত করতঃ সদয় স্বাক্ষরের জন্য পেশ করা হ'ল।

06.08.23 A.E E/E 06/08/23

মনোজ ডাকুয়া
উপ-সহকারী প্রকৌশলী
মড্স জোন-৭, ঢাকা ওয়াসা।

মোঃ শাহ্ আলম
নির্বাহী প্রকৌশলী
মডস্ জোন-৭
ঢাকা ওয়াসা।

AE/SAE(M)